# পূর্বাচল নতুন শহর প্রকল্প
# রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

**প্রকল্পের অবকাঠামো উন্নয়নের উল্লেখযোগ্য অগ্রগতিঃ**

**ভূমি উন্নয়ন ও রাস্তা নির্মাণঃ** প্রকল্পের ভূমি উন্নয়ন কাজ প্রায় সম্পন্ন হয়েছে। প্রকল্পের ৩৬৫ কিঃ মিঃ রাস্তার মধ্যে ৩১৫ কিঃ মিঃ রাস্তা নির্মাণ সম্পন্ন হয়েছে, ১০কিঃমিঃ রাস্তার কাজ চলমান আছে ও অবশিষ্ট ৪০ কিঃমিঃ রাস্তার প্রাক্কলন প্রক্রিয়াধীন।

**কুড়িল ইন্টারচেইঞ্জ (ফ্লাইওভার)** নির্মাণ শেষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০৪ আগষ্ট ২০১৩ এ উদ্বোধনের পর যানবাহন চলাচলের জন্য উন্মুক্ত আছে এবং সেখানকারে যানজট নিরসন হয়েছে।

**কুড়িল-পূর্বাচল ১৩.৩৩ কিঃমিঃ দীর্ঘ লিংক রোড** এবং উক্ত রোডে বোয়ালিয়া ব্রীজ ও বালু ব্রীজসহ ৮টি ব্রীজ নির্মিত হয়েছে। বর্তমানে বাংলাদেশ সেনাবাহিনীর ২৪ ইসিবি কর্তৃক ৩০০ ফিট রাস্তার সংযোগ সড়ক প্রশস্তকরণ এবং Uninterrupted Traffic Movement এর কাজ চলমান, যার ফিনিশিং কাজ জুন/২০২৩ এ সমাপ্ত হবে। সড়কটি বর্তমানে যানবাহন চলাচলের জন্য উন্মুক্ত আছে। (জিওবি ফান্ডিং সংকটে কাজ বিলম্ব হচ্ছে)

**ব্রীজঃ** প্রকল্পের মোট ৫২ টি ব্রীজের মধ্যে ৪২ টির নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ১০ টি ব্রীজের মূল কাঠামোর কাজ সম্পন্ন হয়েছে, এপ্রোচ রোডের কাজ জুন/২০২৩ এর মধ্যে সম্পন্ন করা হবে।

**লেক উন্নয়ন ও নদীর তীর সংরক্ষণঃ** প্রকল্পের দুই পাশে অবস্থিত শীতলক্ষ্যা ও বালু নদীর তীর সংরক্ষনের কাজ সমাপ্ত হয়েছে। প্রকল্পের ৪৩ কিঃ মিঃ লেকের মধ্যে ২৮ কিঃ মিঃ লেকের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে, অবশিষ্ট ১৫ কিঃ মিঃ লেকের কাজ আগামী জুন/২০২৩ এর মধ্যে সমাপ্তির লক্ষ্যে কাজ চলমান আছে।

**আইকনিক টাওয়ার নির্মাণঃ** Central Business District(CBD) এলাকার উন্নয়ন এবং আইকনিক বহুতল বঙ্গবন্ধু ট্রাইটাওয়ার নির্মাণের জন্য Consortium Of PowerPac Holdings Ltd. and Kajima Corporation কে নিয়োগ করা হয়েছে। উক্ত আইকনিক টাওয়ারের ডিজাইন চূড়ান্তকরণ প্রক্রিয়াধীন আছে।

**স্কুল নির্মাণঃ** রাজউকের সম্পূর্ণ অর্থায়নে প্রকল্পে ছয়তলা ফাউন্ডেশন বিশিষ্ট ২ তলা ৪ টি স্কুল নির্মাণ সম্পন্ন হয়েছে এবং পাঠদান কার্যক্রম চলমান আছে।

**বনভূমিঃ** বর্ণিত প্রকল্পে ১৪৪ একর বনভূমি সংরক্ষণ করা রয়েছে।

**পূর্বাচলের প্লট বিন্যাসঃ**

পূর্বাচল নতুন শহর প্রকল্পে

ক) আবাসিক প্লট-মোট ২৬২১৩ টি (যার মধ্যে ৩ কাঠা আয়তনের - ১১২০৯ টি, ৫ কাঠা আয়তনের -১০৩৬১টি, ৭.৫ কাঠা আয়তনের - ২৬১৮টি, ১০ কাঠা আয়তনের - ২০২৫ টি)।

খ) অন্যান্য প্লটঃ ৩,৫৬৩টি (যার মধ্যে কম/বেশী আয়তনের ১৫টি এপার্টমেন্ট ব্লক, প্রশাসনিক- ৪৭২টি, বাণিজ্যিক- ১০৩৩টি, শিক্ষা প্রতিষ্ঠান ও আরবান ফ্যাসিলিটিস ইত্যাদি- ২০৪৩টি)।

গ) অধিবাসী ও ক্ষতিগ্রস্তদের বরাদ্দকৃত প্লটের সংখ্যা- ৭৮৬৪ টি।

প্রকল্পে প্রায় ২৬২১৩ টি আবাসিক প্লটের মধ্যে প্রায় ২৪২৫১টি প্লট ইতিমধ্যে দখল হস্তান্তর করা হয়েছে। এ সকল প্লটে এ পর্যন্ত প্রায় ৩০০টি ইমারতের নক্সা অনুমোদন প্রদান করা হয়েছে এবং প্লট গ্রহীতারা বাড়ী নির্মাণ কাজ শুরু করেছেন।

মোহাম্মদ সাদ্দাম হোসেন
সহকারী প্রকৌশলী (সিভিল)
পূর্বাচল নতুন শহর প্রকল্প
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা

০৯/০৫/২০২৩
মোহাম্মদ মনিরুল হক
প্রকল্প পরিচালক
পূর্বাচল নতুন শহর প্রকল্প
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

**প্রকল্প এলাকায় প্রশাসনিক ও প্রাতিষ্ঠানিক কার্যক্রমঃ**

প্রকল্প এলাকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে ৪টি থানা ও ২টি পুলিশ লাইন, ৩টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স দপ্তর, ৩০ টি র‌্যাব ও পুলিশ ফাঁড়ির জন্য মোট ৩০ একর জমি, বাণিজ্য মন্ত্রণালয় বরাবর বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশীপ এক্সিবিশন সেন্টার নির্মাণের জন্য ২৬ একর জমি, আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম নির্মাণের জন্য বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে ৩৭ একর জমি, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস নির্মাণের জন্য ১৫০ বিঘা জমিসহ বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ইত্যাদি বরাবর বিভিন্ন কার্যক্রম গ্রহণের জন্য প্রয়োজনীয় জমি বরাদ্দ প্রদান করা হয়েছে।

**পূর্বাচল পানি সরবরাহ কাজের অগ্রগতিঃ**

রাজউক এর পূর্বাচল নতুন শহরে পিপিপি পদ্ধতিতে 'Development of Water Distribution and Supply Facilities at Purbachal New Town through Public Private Partnership' শীর্ষক প্রকল্পের গত ১১/১১/২০১৯ ইং তারিখে চুক্তি স্বাক্ষর করা হয়। গত ১৪/০৯/২০২১ ইং তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব শরীফ আহমেদ এমপি উক্ত প্রকল্পের নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। ৪ টি ফেইজে বিভক্ত এ প্রকল্পের ১ম ফেইজের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি গত ৩০/০১/২০২৩ ইং তারিখে ১ম ফেইজের শুভ উদ্বোধন করেন। বর্তমানে ১ম ফেইজের অপারেশন চলমান আছে এবং এর আওতায় সেক্টর-১,২,৩ ও ৪(আংশিক) পানি সরবরাহ করা হচ্ছে। ২য় ফেইজের নির্মাণ কাজ চলমান আছে। টাইমলাইন অনুযায়ী আগামী ডিসেম্বর/২০২৪ এর মধ্যে সমগ্র পূর্বাচলে পানি সরবরাহ নিশ্চিত করা হবে।

**বিদ্যুৎ সরবরাহঃ**

প্রকল্প এলাকায় বিদ্যুৎ সরবরাহের নিমিত্ত ডেসকো কর্তৃক কাজ চলমান আছে। ইতোমধ্যে ০৪ নং সেক্টরে ৩৩/১১ কেভি Substation এবং ০২ সেক্টরে ১৩২-১৩৩-১১ কেভি Grid substation নির্মিত হয়েছে। ৩০টি সেক্টরে ১৪০৮৫টি HT Pole স্থাপন করতে হবে। ইতিমধ্যে ২৩টি সেক্টরে ১০৯২৮টি HT Pole স্থাপন করা হয়েছে এবং অবশিষ্ট ৩১৫৭টি HT Pole স্থাপনের কাজ চলমান আছে। প্রকল্প এলাকায় বিদ্যুৎ সরবরাহ প্রদান শুরু করা হয়েছে এবং ইতোমধ্যে ১৪৯৫টি বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে।

**উন্নয়নকাজ বিলম্বের কারণঃ**

- বৈশ্বিক করোনা মহামারীর কারণে বিগত মার্চ/২০২০ হতে ঘোষিত সাধারণ ছুটি ও লোকবলের অভাবে দীর্ঘদিন কাজ বন্ধ/স্থবির ছিলো। ইতোমধ্যে কাজের গতি বৃদ্ধি করা হয়েছে।
- প্রকল্প এলাকার অধিবাসী/ক্ষতিগ্রস্ত জনগণ শুরুতে ভুল বুঝে মামলা মোকাদ্দমা করে এবং আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটায়। তদপ্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক অধিবাসী/ক্ষতিগ্রস্তদের মধ্যে প্লট বরাদ্দ প্রদান করা হয়েছে। ইতোমধ্যে আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হওয়ায় উন্নয়ন কাজের অগ্রগতি বৃদ্ধি পেয়েছে।
- প্রাতিষ্ঠানিক প্লট বরাদ্দ নিয়ে বিজ্ঞ আদালতে মামলা চলমান থাকায় উক্ত প্লট বরাদ্দ কার্যক্রম বিলম্ব হচ্ছে।
- প্রকল্প এলাকায় মসজিদ, মন্দির, স্কুল, কলেজ ইত্যাদি স্থাপনা বিদ্যমান থাকায় এবং উক্ত স্থাপনাসমূহ নির্ধারিত সময়ে নির্ধারিত স্থানে স্থানান্তরে স্থানীয় বাঁধার কারণে তাদেরকে বুঝিয়ে সমস্যা সমাধান করা হচ্ছে এবং ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠান সমূহ স্থানান্তর করা হচ্ছে। এজন্য উন্নয়ন কাজে বিলম্ব হয়েছে।

মোহাম্মদ সাদ্দাম হোসেন
সহকারী প্রকৌশলী (সিভিল)
পূর্বাচল নতুন শহর প্রকল্প
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা

০৯/০৫/২০২৩

মোহাম্মদ মনিরুল হক
প্রকল্প পরিচালক
পূর্বাচল নতুন শহর প্রকল্প
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।